

## কালের বর্ষ

১০ দফা আন্দোলন  
ডিপ্লোমা মেডিক্যাল  
শিক্ষার্থীদের অনশনের  
ষষ্ঠ দিন অতিবাহিত

নিজস্ব প্রতিবেদক ▷

১০ দফা দাবি আদায়ে বাংলাদেশ ডিপ্লোমা মেডিক্যাল টেকনোলজি ও ফার্মেসি স্টুডেন্টস অ্যাসোসিয়েশনের আমরণ অনশনের ছয় দিন অতিবাহিত হয়েছে গতকাল শনিবার। গত ১৬ মে থেকে জাতীয় প্রেস ক্লাবের সামনে এ অনশন কর্মসূচি শুরু হয়। গতকাল আন্দোলনকারীরা দাবিগুলো অবিলম্বে না মেনে নিতে সরকারের উচ্চপর্যায়ের দৃষ্টি আকর্ষণ করে।

চার বছর মেয়াদি মেডিক্যাল টেকনোলজি ও ফার্মেসি শিক্ষা ডিপ্লোমা কোর্সের জন্য প্রস্তাবিত প্যারামেডিক্যাল শিক্ষা বোর্ডের পরিবর্তে বাংলাদেশ ডিপ্লোমা মেডিক্যাল এডুকেশন বোর্ড গঠন এবং স্বাস্থ্য মন্ত্রণালয়ের অধীন অভিন্ন নীতিমালা প্রণয়নসহ ১০ দাবিতে এ আন্দোলন করছে এই শিক্ষার্থীরা।

বাংলাদেশ ডিপ্লোমা মেডিক্যাল টেকনোলজি ও ফার্মেসি স্টুডেন্টস অ্যাসোসিয়েশনের সভাপতি মো. জসিমউদ্দীন ও সাধারণ সম্পাদক হেদায়েতুল ইসলাম বলেন, মানুষের নিরাপদ স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে যোগ্য মেডিক্যাল টেকনোলজি ও ফার্মেসিস্টদের বিকল্প নেই। কিন্তু সরকারের দুর্বলতার সুযোগ নিয়ে কারিগরি শিক্ষা বোর্ডের আওতায় বিভিন্ন বেসরকারি প্রতিষ্ঠান বিজ্ঞান বিষয়ে কোনো পড়াশোনা না থাকলেও তাদের টাকার বিনিময়ে সনদ ধরিয়ে দিচ্ছে। তাঁরা বলেন, বাংলাদেশ ডিপ্লোমা মেডিক্যাল এডুকেশন বোর্ড গঠন করে নীতিমালা হলে এসব বন্ধ হবে।